

স্মারক নং- ৫১.০১.০০০০.০১৯.০১১.২৫.১৩(অংশ-০১)-১০১০

তারিখ: ১৩/০৬/২০২০ খ্রিঃ।

নিয়োগ বিজ্ঞপ্তি

দুর্যোগ ব্যবস্থাপনা ও ত্রাণ মন্ত্রণালয় কর্তৃক গৃহীত এবং দুর্যোগ ব্যবস্থাপনা অধিদপ্তরের মাধ্যমে বাস্তবায়নাধীন Strengthening of the Ministry of Disaster Management and Relief Programs Administration (SMoDMRPA) শীর্ষক প্রকল্পের আওতায় নির্ধারিত বেতন স্কেলে নিম্নবর্ণিত পদে সম্পূর্ণ অস্থায়ী ভিত্তিতে প্রকল্প মেয়াদে আগ্রহী প্রার্থীদের নিকট হতে দরখাস্ত আহ্বান করা যাচ্ছে।

ক্রমিক	পদের নাম	সাকুল্য বেতন স্কেল	পদের সংখ্যা	শিক্ষাগত যোগ্যতা	অভিজ্ঞতা
০১	হিসাব রক্ষণ কর্মকর্তা (১০ গ্রেড)	১৬,০০০/-	০১ জন	Master's degree Preferably in Accounting, Finance, Management or other relevant subject.	<ul style="list-style-type: none"> Minimum tow (2) years experience in Accounting and budgeting in government project/ government organization/ autonomous bodies/International NGOs. Experience in developing and implementing accounting management information system Knowledge of public sector specifications in terms of budgeting and accounting
০২	প্রশাসনিক কর্মকর্তা (১০ গ্রেড)	১৬,০০০/-	০১ জন	Master's degree (3rd Class/Division in Academic career is not accepted)	<ul style="list-style-type: none"> Strong communication skills in English and Bangla(oral and written) Proficiency and competence in the use of microsfot Office applications. At least two (2) years experiens in office administrtion in Govt/Semi Govt/Autonomous body is an asset.
০৩	অফিস সহকারী কাম- কম্পিউটার মুদ্রাক্ষরিক (১৬ গ্রেড)	৯,৩০০/-	০১ জন	Bachelor degree/diploma in Computer Science	<ul style="list-style-type: none"> At least tow (2) years experiens in office administrtion Strong communication skills in English and Bangla(oral and written) Proficiency competence in the use of microsfot Office applications.
০৪	ডাটা এন্ট্রি অপারেটর (১৬ গ্রেড)	৯,৩০০/-	০৩ জন	Bachelor degree	<ul style="list-style-type: none"> Proven kowledge of ACCESS, EXCEL and other relevant Software programs Fluent English language skills

শর্তাবলীঃ

- প্রার্থীকে খামের উপরে পদের নাম এবং আবেদনকারীর নিজ জেলার নামসহ পূর্ণ ঠিকানা স্পষ্ট অক্ষরে লিখতে হবে।
- আবেদনপত্র প্রকল্প পরিচালক, প্রকল্প পরিচালকের কার্যালয় SMoDMRPA প্রকল্প, ভেঞ্চার টাওয়ার (৪র্থ তলা), প্লট-৩, মহাখালী, ঢাকা-১২১২ বরাবরে আগামী ১৫/০৭/২০২০ খ্রি. তারিখের মধ্যে পৌছাতে হবে।
- জনপ্রশাসন মন্ত্রণালয় কর্তৃক প্রকাশিত নির্ধারিত ফরম এ আবেদন করতে হবে।
- আবেদন পত্রের সাথে নিম্ন বর্ণিত কাগজপত্রাদি সংযুক্ত করতে হবেঃ
 - শিক্ষাগত যোগ্যতার সকল সনদপত্রের সত্যায়িত ছায়ালিপি (সত্যায়নের ক্ষেত্রে সত্যায়নকারী প্রথম শ্রেণির কর্মকর্তার নাম ও পদবিযুক্ত সীল থাকতে হবে)।
 - সম্প্রতি তোলা ২ কপি পাসপোর্ট সাইজের ছবি (প্রথম শ্রেণির গেজেটেড সরকারি কর্মকর্তা কর্তৃক সত্যায়িত)।
 - প্রথম শ্রেণির গেজেটেড সরকারি কর্মকর্তা কর্তৃক প্রদত্ত চারিত্রিক সনদপত্র।
 - স্ব-স্ব এলাকার ইউনিয়ন পরিষদ/পৌরসভা মেয়র/সিটি কর্পোরেশনের কাউন্সিলর কর্তৃক প্রদত্ত নাগরিকত্বের সনদপত্র।
 - জাতীয় পরিচয় পত্রের সত্যায়িত কপি।
- আবেদন কারীর বয়স ১৫/০৭/২০২০ খ্রি. তারিখে ন্যূনতম ১৮ বছর এবং সর্বোচ্চ ৩৫ বছর হতে হবে। বয়সের ক্ষেত্রে এফিডেভিট গ্রহণযোগ্য নয়।
- সরকারি নিয়ম অনুযায়ী মুক্তিযোদ্ধাসহ অন্যান্য চাকুরীর কোটা সংক্রান্ত নীতিমালা অনুসরণ করা হবে।
- চাকুরীরত প্রার্থীদের যথাযথ কর্তৃপক্ষের মাধ্যমে আবেদন করতে হবে।

- ৮। প্রত্যেক পদের জন্য অফেরতযোগ্য ৩০০/- (তিনশত) টাকার পে-অর্ডার/ ব্যাংক ড্রাফট প্রকল্প পরিচালক, প্রকল্প পরিচালকের কার্যালয় SMoDMRPA প্রকল্প, ভেঞ্চার টাওয়ার (৪র্থ তলা), প্লট-৩, মহাখালী, ঢাকা এর বরাবরে করতে হবে এবং তা আবেদনের সাথে সংযুক্ত করতে হবে।
- ৯। প্রাপ্ত আবেদনপত্র যাচাই/বাছাইয়ের পর কেবলমাত্র উপযুক্ত প্রার্থীদের লিখিত পরীক্ষা ও মৌখিক পরীক্ষার মাধ্যমে নির্বাচন করা হবে। এ জন্য কোন টিএ, ডিএ প্রদান করা হবে না।
- ১০। অসম্পূর্ণ/বিলম্বে প্রাপ্ত আবেদন সরাসরি বাতিল বলে গণ্য হবে।
- ১১। প্রকল্পের মেয়াদ শেষে নিয়োগপত্রই অব্যহতি পত্র হিসেবে গণ্য হবে।
- ১২। উপরোক্ত শর্তাবলীর যে কোন অংশ সংশোধন/সংযোজনসহ যে কোন আবেদনপত্র গ্রহণ/বাতিলের পূর্ণ ক্ষমতা কর্তৃপক্ষ সংরক্ষণ করেন।

সত্যেন্দ্র কুমার সরকার
অতিরিক্ত সচিব
ও
প্রকল্প পরিচালক
SMoDMRPA প্রকল্প